

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২০

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات) পরিচ্ছেদঃ ২০. ভ্রুণ (গর্ভস্থিত সন্তান) হত্যার দিয়াত

بَاب فِي دِيَةِ الْجَنِينِ

আরবী

حَدَّثَنَا أَبُو عَاصِمٍ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ عَنْ عَمْرٍ هُوَ ابْنُ دِينَارٍ عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ عُمْرَ نَشَدَ النَّاسَ قَضَاءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْجَنِينِ فَقَامَ حَمَلُ بْنُ مَالِكِ بْنِ النَّابِغَةِ فَقَالَ كُنْتُ بَيْنَ امْرَأَتَيْنِ فَضَرَبَتْ إِحْدَاهُمَا الْأُخْرَى بِمِسْطَحٍ فَقَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَنِينِهَا بِغُرَّةٍ وَأَنْ تُقْتَلَ بِهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَنِينِهَا بِغُرَّةٍ وَأَنْ تُقْتَلَ بِهَا

বাংলা

২৪২০. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, উমার রাদ্বিয়াল্লাহু আনহু এ ব্যাপারে লোকদের মাঝে জিজ্ঞাসা করেন যে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামগর্ভস্থিত সন্তান হত্যার ব্যাপারে কি নির্দেশ দিতেন? তখন হামল ইবনু মালিক ইবনু নাবিগা রাদ্বিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে বলেনঃ আমি দু'জন মহিলার মাঝখানে ছিলাম। এদের একজন অপরজনকে রুটি বানানো বেলুন দিয়ে আঘাত করে; (ফলে সে মারা যায় এবং তার গর্ভের সন্তানও মারা যায়)। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে গর্ভের সন্তানের জন্য দিয়াত স্বরূপ একটি গোলাম আযাদ করার নির্দেশ দেন এবং নিহত মহিলার বিনিময়ে হত্যাকারী মহিলাকে কতলের জন্য হুকুম দেন।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। আবূ দাউদে ইবনু ইসহাক কর্তৃক এটি 'হাদ্দাসানা' বলে বর্ণিত আছে

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬০২১ এবং ও মাওয়ারিদুয যাম'আন নং ১৫২৫ তে। ((আবূ দাউদ, দিয়াত, ৪৫৭২;

নাসাঈ, কাসামাহ ৮/৪৭-৪৮, ৭৮; ইবনু মাজাহ, দিয়াত ২৬৪১- ফাওয়ায আহমেদের দারেমীর তাহকীক টীকা নং



২৩৮১ ৷- অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন